

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৮৮

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - বক্তৃতা ও কবিতা আবৃত্তি

بَابُ الْبَيَانِ وَالشِّعْرِ

আরবী

وَعَن جُنْدُبٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ فِي بَعْضِ الْمَشَاهِدِ وَقَدْ دَمِيَتْ أَصْبُعُهُ فَقَالَ: أُصْبُعُهُ فَقَالَ: هَلْ أَنْتِ إِلَّا أُصْبُعُ دَمِيتِ وَفِي سَبِيلِ الله مَا لقِيت مُتَّفق عَلَيْهِ

বাংলা

8৭৮৮-[৬] জুনদুব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক যুদ্ধে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপস্থিত ছিলেন। তাঁর একটি আঙ্গুল রক্তাক্ত হয়েছিল। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে অঙ্গুলিকে লক্ষ্য করে কবিতা আবৃত্তি করলেনঃ هَلُ أَنْتِ إِلَّا أُصْبُعٌ دَمِيْتِ وَفِيْ سَبِيْلِ الله مَا لَقِيْتِ অর্থাৎ- হে অঙ্গুলি! তুমি একটি অঙ্গুলি ছাড়া আর কিছুই নও। তুমি রক্তাক্ত হয়েছ ঠিকই, তবে যা কিছু হয়েছে আল্লাহর পথে হয়েছে। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ২৮০২, ৬১৪৬; মুসলিম ১১২-(১৭৯৬), তিরমিয়ী ৩৩৪৫, সহীহুল জামি' ৭০২৩, মুসান্নাফ 'আবদুর রায্যাক ৪০৩১, মুসান্নাফ ইবনু আবৃ শায়বাহ্ ২৬০৭১, মুসনাদুল হুমায়দী ৭৭৬, মুসনাদে আহমাদ ১৮৮০৭, সুনানুল আবৃ ইয়া'লা ১৫৩৩, সহীহ ইবনু হিব্বান ৬৫৭৭, সুনানুন নাসায়ী আল কুবরা ১০৩৯৩, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৪৭৮৯, বুখারী ৪৫৩, ৬১৫২; মুসলিম ১৫২-(২৪৮৫), নাসায়ী ৭১৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ৯৩৩, সহীহুল জামি' ২৫২২, মুসনাদে আহমাদ ২১৯৩৬, মুসনাদে আবৃ ইয়া'লা ৬০১৭, সহীহ ইবনু খুযায়মাহ্ ১৩০৭, সহীহ ইবনু হিব্বান ১৬৫৩, ৭১৪৮; সুনানুন্ নাসায়ী আল কুবরা ৭৯৫, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৩৫০৭।

ব্যাখ্যা



ব্যাখ্যাঃ 'আল্লামা কিরমানী (রহিমাহুল্লাহ) বলেনঃ ঘটনাটি উহুদ যুদ্ধের।

- * সহীহ মুসলিম-এর এক বর্ণনায় আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক গর্তে ছিলেন তখন ঘটনাটি ঘটে।
- * আর বুখারী-এর এক বর্ণনা আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাঁটছিলেন তখন পাথর লেগে আঙ্গুল কেটে যায়।
- * মতগুলোর সমন্বয়ে মিরকাতুল মাফাতীহ গ্রন্থকার বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুদ্ধে ছিলেন এবং সালাতের জন্য হেঁটে যাচ্ছিলেন পথিমধ্যে ঘটনাটি ঘটে। আর মুসলিম-এর বর্ণনা নিয়ে 'আল্লামা কাষী 'ইয়ায (রহিমাহুল্লাহ) বলেনঃ এটার পড়তে ভুল আছে। غار এর স্থানে বারী غار পড়েছেন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জুনদুব ইবনু 'আবদুল্লাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন